

শীর্ষস্থানীয় কলেজসমূহের
নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

৯৭ KW 121

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দাও।

- ১▶ লতা আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে একাদশ শ্রেণিতে মানবিক বিভাগে ভর্তি হয়েছে। সে বিষয় নির্বাচনের জন্য তার বাবার পরামর্শ চায়। লতার কথা শুনে তার বাবা বলল, “তুমি এমন বিষয় নির্বাচন করবে, যে বিষয়ের রয়েছে নির্ধারিত ও সুশৃঙ্খল আলোচ্য বিষয় এবং আলোচ্য ব্যাখ্যার জন্য রয়েছে পর্যাপ্ত নিয়ম কানুন।” বাবার কথা শুনে তার ভাই মাসুম বলল, “তুমি এমন বিষয় নির্বাচন কর, যে বিষয় কর্ম সম্পাদনের কলাকৌশল শিক্ষা দেয় এবং তা বৈজ্ঞানিক জ্ঞানের ওপর নির্ভরশীল হয়।”
- ক. “Logos” শব্দের অর্থ কী? ১
খ. যুক্তিবিদ্যাকে আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাবার বক্তব্য যুক্তিবিদ্যার কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বাবা ও মাসুমের জন্য পঠিত বিষয়ের আলোকে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ২▶
- চিত্র-১
-
- চিত্র-২
-
- চিত্র-৩
-
- চিত্র-৪
-
- চিত্র-৫
-
- চিত্র-৬
-
- ক. পদের ব্যাপ্যতা কী? ১
খ. ‘পুত্র’ কোন ধরনের পদ? ব্যাখ্যা কর। ২
গ. চিত্র-১-এ কোন ধরনের যুক্তিবাক্যের নির্দেশ করে? ব্যাপ্যতার আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্র-২ এবং চিত্র-৩ এ যে যে যুক্তিবাক্য পাই, তাদের ব্যাপ্যতার নিয়মে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ৩▶ দ্রব্যের মূল্য বৃদ্ধি বর্তমানে একটি জটিল সমস্যা। অর্থনীতিবিদরা মনে করেন, দ্রব্যের সরবরাহ কমে গেলে মূল্য বৃদ্ধি পায়। আবার, দ্রব্যের সরবরাহ বৃদ্ধি পেলে মূল্য হ্রাস পায়। কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায়, দ্রব্যের সরবরাহ স্বাভাবিক থাকার পরও মূল্য বৃদ্ধি পেয়েছে।
- ক. ব্যাহতর্কক পদ কী? ১
খ. সকল শব্দকে পদ বলা যায় না কেন? ২
গ. উদ্দীপকে পদের কোন সম্পর্কের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যতিক্রমের বিষয়টি তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ৪▶
- QK-1
-
- QK-2
-
- QK-3
-
- ক. “Terminus” শব্দের অর্থ কী? ১
খ. জাত্যর্থ ও জাত্যর্থক পদ কি একই অর্থবোধক? ব্যাখ্যা কর। ২
গ. ছক-৩ এ কোন ধরনের শব্দকে নির্দেশ করেছে? তা তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ছক-১ ও ছক-২ পদের যে দুটি রূপকে নির্দেশ করে তা বিশ্লেষণ কর। ৪
- ৫▶ দৃশ্যকল্প-১ : গরু হয় গৃহপালিত প্রাণী।
দৃশ্যকল্প-২ : অমর্ত্য সেন একজন বিচক্ষণ অর্থনীতিবিদ।
দৃশ্যকল্প-৩ : অমর্ত্য সেন ৩ নভেম্বর ১৯৩৩ সালে জন্মগ্রহণ করেন।
- ক. বিভেদক লক্ষণ কাকে বলে? ১
খ. বিধেয় ও বিধেয়ক এক নয় কেন? ২
গ. দৃশ্যকল্প-১ এ উদ্দেশ্য ও বিধেয় পদের মধ্যকার সম্পর্ক বিধেয়কের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ ও দৃশ্যকল্প-৩ এর নিচে দাগ দেয়া বিধেয়কগুলো কি একই প্রকৃতির? বিশ্লেষণ কর। ৪
- ৬▶
- চিত্র-ক
-
- চিত্র-খ
-
- ক. অমাধ্যম অনুমান কী? ১
খ. অবরোধ অনুমানের সিদ্ধান্ত আশ্রয়বাক্য হতে কম ব্যাপক হয় কেন? ২
গ. উদ্দীপকে চিত্র-ক দ্বারা নির্দেশিত অনুমানের প্রকৃত উদাহরণসহ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে চিত্র-ক ও চিত্র-খ দ্বারা প্রতিফলিত অনুমানের পার্থক্য বিশ্লেষণ কর। ৪
- ৭▶ যুক্তি-১ : সকল জবা হয় ফুল।
∴ ?
যুক্তি-২ : কোনো অসৎ লোক নয় বিশ্বাসী।
∴ কোনো বিশ্বাসী লোক নয় অসৎ।
- ক. আবর্তন কী? ১
খ. ‘O’ বাক্যের বৈধ আবর্তন কি সম্ভব? বুঝিয়ে লেখ। ২
গ. যুক্তি-২ এ কোন ধরনের আবর্তন প্রক্রিয়া করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. যুক্তি-১ এর আবর্তিত রূপটি কোন ধরনের যুক্তিবাক্য হবে এবং কেন? বিশ্লেষণ কর। ৪
- ৮▶ মাহমুদ ও মাহফুজ আপন দুই ভাই। তাদের বাবার মৃত্যুর পর জমি সংক্রান্ত দ্বন্দ্ব পৃথকভাবে বসবাস করে। স্থানীয় বিচারক মোঃ ঈমান আলী প্রথমে মাহমুদের সাথে ও পরবর্তীতে মাহফুজের সাথে পৃথকভাবে আলোচনায় বসেন। এতে দুই ভাইয়ের বিবাদের অবসান ঘটে। অতঃপর মাহমুদ ও মাহফুজ একত্রে বসবাস করতে লাগল।
- ক. সহানুমান কী? ১
খ. অবৈধ প্রধান পদজনিত অনুপপত্তি কেন ঘটে? ব্যাখ্যা কর। ২
গ. মোঃ ঈমান আলীর ভূমিকা সহানুমাণে ব্যবহৃত পদের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. মাহমুদ, মাহফুজ ও মোঃ ঈমান আলীর কথোপকথন সহানুমাণের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ৯▶ দৃশ্যকল্প-১ : সব ডাক্তার হয় সহনশীল।
∴ কোনো ডাক্তার নয় অ-সহনশীল।
দৃশ্যকল্প-২ : কিছু ছাত্র হয় মনোযোগী মানুষ।
∴ কিছু মনোযোগী মানুষ হয় ছাত্র।
দৃশ্যকল্প-৩ : সব মশা হয় ক্ষতিকর।
এডিস হয় মশা।
∴ এডিস হয় ক্ষতিকর।
- ক. আশ্রয়বাক্য কাকে বলে? ১
খ. অমাধ্যম অনুমানকে প্রকৃত অনুমান বলা যায় না কেন? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১ এ কোন ধরনের অমাধ্যম অনুমান প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ ও ৩ এ যে অনুমানগুলো প্রকাশ পেয়েছে সেগুলোর বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪
- ১০▶ দৃশ্য-১ : লেবুর রস + চিনি + পানি = শরবত
-
- দৃশ্য-২ : গত বছর যে রকম আবহাওয়া ছিল এ বছরও তেমনিটা দেখা যাচ্ছে।
কখনও বলমলে সুন্দর আকাশ, আবার কখনও মেঘের ঘনঘটা, কখনও রোদ, কখনও বৃষ্টি আবার ঝড়ের তাববও।
- ক. আরোহের ভিত্তি কী? ১
খ. আরোহের ‘কুটাভাস’ বলতে কী বোঝ? ২
গ. দৃশ্য-২ আরোহের কোন আকারগত ভিত্তি নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্য-১ কার্য সংমিশ্রণের কোন বিষয়টি নির্দেশ করেছে? বিশ্লেষণ কর। ৪
- ১১▶
-
- ক. কারণ কী? ১
খ. কারণ ও শর্ত এক নয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কার্যকারণ সম্পর্কিত কোন মতবাদের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মতবাদটির গ্রহণযোগ্যতা তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দাও।

- ১ ▶ কৃত্রিম বুদ্ধিমত্তা বা এ. আই. বিজ্ঞানী জেফ্রি হিনটন তথ্যপ্রযুক্তির এই খাতকে উন্নত করতে প্রচুর মেধা ব্যয় করেন। আর এটি বাস্তবে প্রয়োগের ক্ষেত্রে এখন প্রযুক্তি কোম্পানিগুলো হুমড়ি খেয়ে পড়েছে।
- ক. যুক্তিবিদ্যার জনক কে? ১
- খ. যুক্তিবিদ্যাকে কেন আকারগত বিজ্ঞান বলা হয়? ব্যাখ্যা কর। ২
- গ. জেফ্রি হিনটনের কাজটির সাথে যুক্তিবিদ্যার প্রকৃতির কোন বিষয়ের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের দ্বিতীয় বাক্যে কী যুক্তিবিদ্যার স্বরূপ সম্পূর্ণভাবে প্রতিফলিত হয়েছে? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪
- ২ ▶ দৃশ্যকল্প-১ : প্রকৃত জ্ঞান অর্জনের আবশ্যিক পদ্ধতি প্রদানকারী প্রারম্ভিক বিজ্ঞান হচ্ছে যুক্তিবিদ্যা।
- দৃশ্যকল্প-২ : সঠিক যুক্তি থেকে ভ্রান্ত যুক্তির পার্থক্যকারী নিয়মসমূহের আলোচনা হচ্ছে যুক্তিবিদ্যা।
- ক. যুক্তিবিদ্যা কীসের আকার নিয়ে আলোচনা করে। ১
- খ. Logic শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ ব্যাখ্যা কর। ২
- গ. দৃশ্যকল্প-১ এ কোন যুক্তিবিদের ধারণা এসেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. দৃশ্যকল্প-১ এর চেয়ে ২ এর বক্তব্যে যুক্তিবিদ্যার স্বরূপ বেশি স্পষ্টতর হয়েছে— মূল্যায়ন কর। ৪
- ৩ ▶ ফাহিম বলল, যতই বয়স বাড়ছে আমাদের আয়ু ততই কমছে। এ কথা শুনে আরমান বলল, আমি কিন্তু এ কথার সাথে সম্পূর্ণ একমত নই।
- ক. পদ ইংরেজি কোনটি? ১
- খ. 'মানুষ' পদটি কেন নিরপেক্ষ পদ? ২
- গ. আরমান যে বিষয়টির ইঙ্গিত দিয়েছে সেটি কী? ৩
- ঘ. ফাহিমের কথার যুক্তির উপাদান অধ্যায়ের যে বিষয়টির প্রতিফলন ঘটেছে তা হ্রাস-বৃদ্ধির নিয়মসহ ব্যাখ্যা কর। ৪
- ৪ ▶ ১ম দৃষ্টান্ত: এশিয়া হয় বৃহত্তম মহাদেশ।
- ২য় দৃষ্টান্ত: গরু চতুষ্পদ প্রাণী।
- ৩য় দৃষ্টান্ত: যদি পড়ালেখা কর তাহলে ভালো ফল পাবে।
- ক. অবধারণ কাকে বলে? ১
- খ. সংশ্লেষক যুক্তিবাক্যে বিধেয় পদে নতুন তথ্য থাকে— ব্যাখ্যা কর। ২
- গ. তৃতীয় দৃষ্টান্তের বাক্যটি কোন ধরনের যুক্তিবাক্য? ব্যাখ্যা কর। ৩
- ঘ. প্রথম ও দ্বিতীয় দৃষ্টান্তের বাক্য দুটির পার্থক্য কর। ৪
- ৫ ▶ নবী স্যার একটি বেঞ্চের দুই মাথায় ইকরাম ও শিহাবকে বসতে বলেন। কিন্তু পরে পাঠদানের সুবিধার জন্য ইকরামকে শিহাবের জায়গায় এবং শিহাবকে ইকরামের জায়গায় স্থানান্তর করেন। অন্যদিকে, পাছ স্যার বলেন, সব মানুষ অমর তাই আমরা বলতে পারি, কোনো মানুষ নয় অমর।
- ক. অমাধ্যম অনুমান কাকে বলে? ১
- খ. অমাধ্যম অনুমানকে প্রকৃত অনমান বলা যায় না কেন? ২
- গ. নবী স্যারের কাজটি অমাধ্যম অনুমানের কোন প্রকারের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
- ঘ. নবী স্যারের কাজ ও পাছ স্যারের কথায় কি একই ধরনের অমাধ্যম অনুমান এসেছে? ৪
- ৬ ▶ মাহমুদ সাহেব বলেন, এই বইটি টেবিলের উপর। টেবিলটি মাটির উপর। তাই বলা যায়, বইটি মাটির উপর। অন্যদিকে, আসিফ সাহেব বললেন, সব মানুষ হয় মরণশীল; সব কবি হন মানুষ তাই সব কবি মরণশীল।
- ক. প্রধান পদ কাকে বলে? ১
- খ. সহানুমানের মধ্যপদকে কেন সিদ্ধান্তে পাওয়া যায় না? ২
- গ. মাহমুদ সাহেবের অনুমানটিতে কোন অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. আসিফ সাহেবের যুক্তিটির যথার্থতা ব্যাখ্যা কর। ৪
- ৭ ▶ প্রথম দৃষ্টান্ত: রঙনক সাহেব মন্ত্রিত্বের দায়িত্ব খুব ভালোভাবেই পালন করছেন।
- দ্বিতীয় দৃষ্টান্ত: কিছু মানুষ সং।
- তৃতীয় দৃষ্টান্ত: কাজী নজরুল ১৮৯৯ সালে পশ্চিমবঙ্গে জন্মগ্রহণ করেন।
- ক. উপলক্ষণ কাকে বলে? ১
- খ. নঞর্থক বাক্যে কেন বিধেয়ক থাকে না? ২
- গ. প্রথম দৃষ্টান্তে কোন বিধেয়কের ইঙ্গিত এসেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. দ্বিতীয় ও তৃতীয় দৃষ্টান্তে যে দুটি বিধেয়কের ইঙ্গিত আছে সেগুলোর তুলনামূলক আলোচনা কর। ৪
- ৮ ▶ রফিক সাহেব ক্লাসে বলেন, প্রাণীকে আমরা মেরুদণ্ডী ও অমেরুদণ্ডী প্রাণীতে ভাগ করতে পারি। তবে প্রাণীকে আবার মানুষ ও অমানুষেও ভাগ করা যায়।
- ক. বিধেয়ক কাকে বলে? ১
- খ. বিধেয় ও বিধেয়ক এক নয় কেন? ২
- গ. রফিক সাহেবের দ্বিতীয় দৃষ্টান্তে কোন বিধেয়কের ইঙ্গিত এসেছে? ৩
- ঘ. রফিক সাহেবের প্রথম উক্তিতে যে দুটি বিধেয়কের ইঙ্গিত এসেছে সেগুলোর সম্পর্ক ব্যাখ্যা কর। ৪
- ৯ ▶ ছক :
- দৃষ্টান্ত: ১ দৃষ্টান্ত: ২
- সব কুমার হয় অবিবাহিত কোনো ঘোড়া নয় মানুষ তবে কিছু ঘোড়া হয় সাদা।
- ক. ব্যাপ্যতার একটি নিয়ম লেখ। ১
- খ. সব শব্দকে পদ বলা যায় না কেন? ২
- গ. দৃষ্টান্ত-১ এ কোন যুক্তিবাক্যের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. দৃষ্টান্ত-২ এর যুক্তিবাক্যগুলোর ব্যাপ্যতার দিক থেকে পার্থক্য কর। ৪
- ১০ ▶ সব মনীষী হন অধ্যবসায়ী।
- আল রাযী ছিলেন একজন মনীষী।
- সুতরাং তিনি ছিলেন একজন অধ্যবসায়ী।
- ক. অনুমান ইংরেজিতে কী? ১
- খ. অনুমানের নতুন বিষয়টিই হচ্ছে সিদ্ধান্ত—ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকটি কোন অনুমান নির্দেশ করছে? ৩
- ঘ. উক্ত অনুমানের সাথে অপর অনুমানের তুলনামূলক আলোচনা কর। ৪
- ১১ ▶ হিমেল ও আসিফ কথা বলছে। হিমেল: প্রকৃতির সবকিছুই নিয়মের অনুসরণ করে চলছে। আসিফ: পড়ালেখা না করে ভালো ফলাফল করা যায় না এটা যেমন সত্য তেমনি এটাও সত্য, খাবার না খেলে খিদে মেটে না।
- ক. কার্যসংশ্লিষ্ট কাকে বলে? ১
- খ. বহুকারণবাদ কেন ভ্রান্ত মতবাদ? ২
- গ. হিমেলের বক্তব্যে আরোহের কোন ভিত্তির কথা এসেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. আসিফের বক্তব্যে যে নিয়মের কথা এসেছে সেটিকে পরিমাণ ও গুণগত দিক থেকে ব্যাখ্যা কর। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দাও।

১▶ বিজ্ঞানের অন্যান্য শাখার মতো যুক্তিবিদ্যার উদ্দেশ্যও মানুষের কল্যাণসাধন। মানুষের কর্ম ও বিশ্বাস যুক্তির ওপর প্রতিষ্ঠিত না হলে তা কল্যাণ বয়ে আনতে পারে না। যাত্রালাগে ঝাড়ু দেখা অমঙ্গলের প্রতীক বা পানিপূর্ণ কলসি দেখা মঙ্গলের প্রতীক-এমন ভ্রান্তি থেকে মুক্তি সত্যানুসন্ধান ছাড়া অসম্ভব। সত্যানুসন্ধান প্রক্রিয়া যুক্তিবিদ্যার উপহার। যুক্তিবিদ্যা কলা না বিজ্ঞান-এ বিতর্কে যুক্তিবিদ্যার পরিধি সংকীর্ণ হয়নি, বরং বিস্তৃত হয়েছে।

ক. Logic-এর ব্যুৎপত্তিগত অর্থ কী? ১
খ. যুক্তিবিদ্যা কী বিজ্ঞান? ২
গ. যুক্তিবিদ্যা কীভাবে অন্ধবিশ্বাস দূর করে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষ বাক্যটি মূল্যায়ন কর। ৪

২▶ সামিয়া রহমান একাদশ শ্রেণির শিক্ষার্থী। যুক্তিবিদ্যা তার পছন্দের বিষয়। শিক্ষক ক্লাসে যুক্তিবিদ্যা সম্পর্কে বিভিন্ন চিন্তাবিদদের মতামত বিশ্লেষণ করে যুক্তিবিদ্যার সামগ্রিক রূপ প্রদান করেন। তিনি বললেন, যুক্তিবিদ্যা হলো একটি চিন্তার বিজ্ঞান-যার তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় দিকই রয়েছে।

ক. যুক্তিবিদ্যার জনক কে? ১
খ. কলা বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'চিন্তার বিজ্ঞান' বিষয়টি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে শিক্ষকের শেষ বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

৩▶ 'লোকটি হয় সৎ, না হয় মুর্থ'।
'মেয়েটি হয় কালো, না হয় সাদা'।
'ফুলটি হয় সুগন্ধযুক্ত'।
'লোকটি অবশ্যই বোকা'।

ক. অবধারণ কী? ১
খ. নিরপেক্ষ পদ বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকের ১ম ও ২য় সারিতে কোন ধরনের বাক্য নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বাক্যগুলোতে সংযোজকের ভূমিকা মূল্যায়ন কর। ৪

৪▶ আরিফ স্যার শ্রেণিকক্ষে যুক্তিবাক্যের গঠন নিয়ে আলোচনা করছেন। তিনি বললেন, সাধারণ বাক্য এবং যুক্তিবাক্যের মধ্যে পার্থক্য রয়েছে। একটি বাক্যকে যুক্তিবাক্য হতে হলে কতকগুলো নিয়ম অনুসরণ করতে হয়।

ক. যুক্তিবাক্য কাকে বলে? ১
খ. যুক্তিবাক্যের অংশ কয়টি ও কী কী? ২
গ. একটি যুক্তিবাক্যে দুটি পদ প্রয়োজন কেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. বাক্য ও যুক্তিবাক্যের মধ্যে পার্থক্যগুলো উল্লেখ কর। ৪

৫▶ ড. করিম ক্লাসে বাংলা ব্যাকরণ পড়ান। তিনি ক্লাসে একটি বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করছেন এবং তার প্রকারভেদ করে ভেঙে ভেঙে বুঝিয়ে দিয়েছেন। পরিসমাপ্তিতে তিনি বললেন, তোমরা কি জান যুক্তিবিদ মিল এ শ্রেণিবিভাগের নাম দিয়েছেন নামের শ্রেণিবিভাগ। এ বিভাগের জাত্যর্থক, অজাত্যর্থক, বিপরীত ও বিরুদ্ধ অংশগুলো তোমরা ভালোভাবে পড়বে।

ক. পদের ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. বিশিষ্ট পদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ড. করিম যে বিভাগটি উল্লেখ করেছে তার সদর্থক, নঞর্থক ও ব্যাহতর্থক দিকগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ড. করিম তার শেষোক্ত বাক্যে যে বিভাগগুলোর কথা বলেছেন সেগুলো বিশ্লেষণ কর। ৪

৬▶

দৃষ্টান্ত-১ : সব মানুষ হয় মরণশীল প্রেটো একজন মানুষ অতএব, প্রেটো হয় মরণশীল।	দৃষ্টান্ত-২ : আবির হয় মরণশীল মাশরাফি হয় মরণশীল রহিম হয় মরণশীল অতএব, সব মানুষ হয় মরণশীল।
--	--

ক. অনুমান কাকে বলে? ১
খ. অনুমান কত প্রকার ও কী কী? ২

সৃজনশীল প্রশ্ন

গ. দৃষ্টান্ত-১ এ কয়টি পদের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পাঠ্যবই-এর আলোকে দৃষ্টান্ত ১ ও ২-এর মধ্যে পার্থক্য দেখাও। ৪

৭▶ ড. আমিনুল ইসলাম অনুমানের একটি বিশেষ ধরণ সম্পর্কে বিস্তারিত আলোচনা করছিলেন। তিনি বলেন, এই অনুমানে একটি মাত্র আশ্রয় বাক্য থেকে সিদ্ধান্ত টানা হয়। তিনি আরও বলেন, এই অনুমানের একটি ক্ষেত্রে কতকগুলো নিয়ম অনুসরণ করে কোন আশ্রয়বাক্যের উদ্দেশ্যের স্থলে তার বিধেয়কে, আর বিধেয়ের স্থলে তার উদ্দেশ্যকে গ্রহণ করে সিদ্ধান্ত নিঃসৃত হয়।

ক. অবরোহ অনুমান কত প্রকার? ১

খ. অমাধ্যম অনুমান বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ক্ষেত্রটির নিয়মগুলো উল্লেখ কর। ৩

ঘ. 'A'-যুক্তিবাক্যের কি সরল আবর্তন সম্ভব? ব্যাখ্যা কর। ৪

দৃষ্টান্ত-১ : সকল মানুষ হয় মরণশীল মনু হয় একজন মানুষ অতএব, মনু হয় মরণশীল।	দৃষ্টান্ত-২ : সকল হয় মরণশীল সকল ছাত্র হয় মানুষ অতএব, সকল ছাত্র হয় মরণশীল।
---	--

ক. মাধ্যম অনুমান কাকে বলে? ১

খ. সহানুমান কত প্রকার ও কী কী? ২

গ. প্রথম দৃষ্টান্তে সহানুমানের কোন নিয়ম অনুসরণ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃষ্টান্ত-২-এ কোন দৃষ্টিকোণ থেকে সহানুমান গঠন করা হয়েছে? ব্যাখ্যা কর। ৪



ক. কারণ কী? ১

খ. আরোহের কুটাভাস বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে কোন বিষয়টির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমন্বিত কারণ যৌথ কার্যের সৃষ্টি করে- উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪


১০▶ মেসবাহ তার বন্ধু রাসেলকে বললো, দেখ বসন্ত আসলেই আমাদের দেশে গাছে গাছে সুন্দর নতুন পাতা গজায়। রাসেল প্রত্যুত্তরে বললো, হ্যাঁ নতুন পাতার সাথে ঋতুর একটি সম্পর্ক রয়েছে। বিগত দিনেও এমন ঘটনা ঘটেছে আগামীতেও একই ধরনের ঘটনা ঘটবে। এমন সময় কপিল বললো ঘর থেকে বের হবার সময় কালো বিড়াল দেখেছি; আজ কপালে খারাপ কিছু আছে।

ক. আরোহের ভিত্তি কাকে বলে? ১

খ. কার্যকারণ নীতি কী? ২

গ. কপিলের অনুমানে কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কার্যকারণের ভিত্তিতে মেসবাহ ও কপিলের বক্তব্য মূল্যায়ন কর। ৪



ক. কার্য কী? ১

খ. কারণ ও শর্ত এক নয় কেন? ২

গ. উদ্দীপকে 'ক' চিহ্নিত স্থানে উল্লিখিত বিষয়টি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'খ' চিহ্নিত স্থানে উল্লিখিত বিষয়ের প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দাও।

- ১▶ ছক-১ ছক-২ ছক-৩
- | | | |
|--------------------------------|-----------------------------|---|
| আদর্শ, সত্যতা
বৈধতা, অবৈধতা | সুশৃঙ্খল
সুনিশ্চিত জ্ঞান | দক্ষতা, কমনিপুণ্যতা,
সৃজনশীলতা, প্রায়োগিক জ্ঞান |
|--------------------------------|-----------------------------|---|
- ক. 'Logos' শব্দের অর্থ কী? ১
- খ. যুক্তিবিদ্যাকে কেন চিন্তা সম্পর্কীয় বিজ্ঞান বলা হয়? বর্ণনা কর। ২
- গ. ছক-১ এ যুক্তিবিদ্যার যে দিকটি ফুটে উঠেছে, তার ব্যাখ্যা দাও। ৩
- ঘ. ছক-২ এবং ছক-৩ এ তোমার পাঠ্যবইয়ের যে দিকগুলো নির্দেশ করেছে, তাদের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ২▶ শেষরাতে খুঁট করে একটি শব্দ হতেই মায়ের ঘুম ভেঙে গেল। তাকিয়ে দেখেন ঘরের দরজা খোলা, জানালার শিক কাটা, আলমারীর তাল ভাঙা, ভেতরে কিছু নেই। মা বুঝলেন, 'রাতে চোর এসেছিল'।
- ক. অনুমানের সংজ্ঞা দাও। ১
- খ. অনুমান ও যুক্তির মধ্যে দুটি পার্থক্য উল্লেখ কর। ২
- গ. উদ্দীপক অনুসারে মায়ের চিন্তাকে কী বলে নির্দেশ করা যায়, তা ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের কোন অংশটি প্রত্যক্ষ জ্ঞান এবং কোন অংশটি পরোক্ষ জ্ঞান, তা বিশ্লেষণ কর। ৪
- ৩▶ দৃশ্যকল্প-১ : আক্লাস আলী গ্রামের সবাইকে শিক্ষিত করবে বলে অনেক ভেবেছে। এরপর দীর্ঘ প্রচেষ্টায় স্কুল প্রতিষ্ঠা, সকলকে স্কুলে ভর্তি করানো, পাঠদান ইত্যাদি কার্যক্রম ২০ বছর ধরে সফলভাবে চালিয়ে আজ সে আনন্দিত। সকলের অনুরোধে নির্বাচনি মঞ্চে দাঁড়িয়ে উদাত্ত কণ্ঠে ঘোষণা করল, "আজ এই গ্রামের সকল মানুষ হয় শিক্ষিত।"
- দৃশ্যকল্প-২ : মা তার সন্তানের সফলতায় যেমন বাহ! শাবাশ! বলে উৎসাহ দেয় তেমনি অপ্রীতিকর কাজের জন্য আহ! ছি ছি! বলে তিরস্কার করে।
- ক. সার্বিক সদর্থক যুক্তিবাক্য কী? ১
- খ. '1' যুক্তিবাক্যের কোন পদই ব্যাপ্য নয় কেন? ২
- গ. দৃশ্যকল্প-২ এ উল্লিখিত বিষয়সূচক শব্দগুলো পদ হতে পারে না কেন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. দৃশ্যকল্প-১ এ আক্লাস আলীর ভাবনা ও মঞ্চের ঘোষণার পার্থক্য যুক্তিবিদ্যার আলোকে বিশ্লেষণ কর। ৪
- ৪▶ চিত্র-১
- সকল ছাত্র
- সকল মনোযোগী ছাত্র
- সকল সং মনোযোগী ছাত্র
- চিত্র-২
- সততা + মনোযোগ + ছাত্রত্ব
- মনোযোগ + ছাত্রত্ব
- ছাত্রত্ব
- ক. জাতার্থ কী? ১
- খ. বিপরীত পদ ও বিরুদ্ধ পদ এক নয় কেন? ২
- গ. চিত্র-১ পদের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. চিত্র-১ ও চিত্র-২ এর বিষয় দুটির পারস্পরিক বিপরীত সম্পর্ক বিশ্লেষণ কর। ৪
- ৫▶ বনলতা ও অরণ্য সুন্দরবন বেড়াতে যাবে ঠিক করল। মিতা বলল, "কল্পবাজার হয় পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত। আমি সেখানে যাব। বনলতা বলল, "যদি কল্পবাজার যাই তবে তো সুন্দরবন যাওয়া হবে না।" অরণ্য বলল, "হয় কল্পবাজার যাব নয়তো সুন্দরবন যাব।"
- ক. প্রাকল্পিক বাক্য কী? ১
- খ. যুক্তিবাক্য ও অবধারণ এক নয় কেন? ২
- গ. অরণ্যের কথায় কোন ধরনের বাক্যের প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. মিতা ও বনলতার কথায় যে দুই ধরনের বাক্য প্রকাশ পেয়েছে সেগুলোর বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

- ৬▶ সীমা বলল, "কিছু ফুল হয় সুন্দর।"
- রিয়া বলল, "আসলে সব ফুলই দেখতে সুন্দর নয়।"
- সোমা বলল, "অনেক ফুল দেখতে সুন্দর নয়।"
- ক. একটি যুক্তিবাক্যে কয়টি অংশ? ১
- খ. যুক্তিবাক্যে সংযোজকের ভূমিকা ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে রিয়ার বক্তব্যটি কোন ধরনের যুক্তিবাক্য? ৩
- ঘ. উদ্দীপকে সীমা এবং সোমার বক্তব্য তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ৭▶ উদাহরণ-১ : সকল চতুর্ভুজ হয় চার বাহু দ্বারা বেষ্টিত ক্ষেত্র।
- উদাহরণ-২ : সকল ঘোড়া হয় চতুষ্পদী প্রাণী।
- ক. যুক্তিবিদ্যার জনক কে? ১
- খ. বিধেয়ক একটি সম্পর্কের নাম— বুঝিয়ে লেখ। ২
- গ. উদাহরণ-১ দ্বারা কোন ধরনের বিধেয়ককে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদাহরণ-২ এর উদ্দেশ্য ও বিধেয় দ্বারা নির্দেশিত বিধেয়কের পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪
- ৮▶ সাবিনা রসুলপুর গ্রামের এক সম্ভ্রান্ত পরিবারে ১৯৮৪ সালের ২০ এপ্রিল জন্মগ্রহণ করেন। তিনি সাংসারিক কাজ করতে ভালোবাসেন এবং গরিব-দুঃখীদের সাহায্য করেন। তাই গ্রামের সবাই তাকে পছন্দ করেন।
- ক. বিধেয়ক কত প্রকার? ১
- খ. বিধেয় ও বিধেয়ক সমার্থক নয় কেন? ২
- গ. উদ্দীপকে সাবিনা আক্তারের জন্মতারিখ কোন ধরনের বিধেয়ক? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে সাবিনা আক্তারের জন্মতারিখ এবং চারিত্রিক গুণাবলিতে যে বিধেয়কের প্রতিফলন ঘটেছে তার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ৯▶ দৃষ্টান্ত-১ : সকল ফুল হয় সুন্দর।
- শাপলা হয় ফুল।
- ∴ শাপলা হয় সুন্দর।
- দৃষ্টান্ত-২ : শাপলা হয় সুন্দর।
- গোলাপ হয় সুন্দর।
- জবা হয় সুন্দর।
- ∴ সকল ফুল হয় সুন্দর।
- ক. অনুমান কত প্রকার? ১
- খ. সকল অনুমানই যুক্তি নয় কেন? ২
- গ. দৃষ্টান্ত-১ এ কোন প্রকার অনুমানের প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. দৃষ্টান্ত-১ এবং দৃষ্টান্ত-২ এ যে দুটি অনুমানের প্রকাশ ঘটেছে তাদের পার্থক্য লেখ। ৪
- ১০▶ যুক্তি-১ : সকল বিজ্ঞানী হয় গবেষক।
- ∴ কোনো বিজ্ঞানী নয় অ-গবেষক।
- যুক্তি-২ : সকল মানুষ হয় মরণশীল।
- ∴ সকল মরণশীল জীব হয় মানুষ।
- ক. আবর্তন কত প্রকার? ১
- খ. 'O' বাক্যের বৈধ আবর্তন সম্ভব নয় কেন? ২
- গ. যুক্তি-১ এ কোন ধরনের অমধ্যম অনুমানের ইঙ্গিত আছে? এর নিয়ম উল্লেখপূর্বক ব্যাখ্যা কর। ৩
- ঘ. যুক্তি-২ এ আবর্তিত রূপ কি যথার্থ? বিশ্লেষণ কর। ৪
- ১১▶ সব পাখি হয় ডানাযুক্ত।
- সব বক হয় পাখি।
- ∴ সব বক হয় ডানাযুক্ত।
- ক. সহানুমান কী? ১
- খ. সহানুমানের দুটি নঞর্থক আশ্রয়বাক্য থেকে কোনো সিদ্ধান্ত পাওয়া যায় না কেন? ২
- গ. উদ্দীপকে উল্লিখিত অনুমানের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত অনুমানে দাগাক্ত পদের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ যুক্তিবিদ্যা হলো চিন্তা সম্পর্কিত বিজ্ঞান। চিন্তাকে যৌক্তিক পর্যায়ে নিয়ে যেতে হলে তাকে অবশ্যই ভাষায় প্রকাশ করতে হবে। মনের ভাব প্রকাশের জন্য ভাষা অন্যতম মাধ্যম।

- ক. 'Logic' শব্দের অর্থ কী? ১
খ. চিন্তা বলতে কী বোঝ? ২
গ. যুক্তিবিদ্যা পাঠের প্রয়োজনীয়তা আলোচনা কর। ৩
ঘ. যুক্তিবিদ্যা আদর্শনিষ্ঠ বিজ্ঞান না বহুনিষ্ঠ বিজ্ঞান, তা মূল্যায়ন কর। ৪

২ ▶ শিক্ষক বোর্ডে নিচের চিত্রটি অঙ্কন করলেন :
ব্যক্ত্যর্থ বাড়ছে, জাত্যর্থ কমছে।



- ছাত্র : তবে কি জাত্যর্থ কমলে ব্যক্ত্যর্থ বাড়ে?
শিক্ষক : সঠিক বলছো।
ক. জাত্যর্থ কাকে বলে? ১
খ. জাত্যর্থের ধারণা উদাহরণের সাহায্যে ব্যাখ্যা কর। ২
গ. পদের জাত্যর্থ কমলে ব্যক্ত্যর্থ বাড়ে— একটি চিত্রের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ছাত্রের ২য় কথাটিকে তুমি কীভাবে মূল্যায়ন করবে? ৪

৩ ▶ তামান্না ও লিজা যুক্তিবাক্যের শ্রেণিবিভাগ নিয়ে আলোচনা করছিল। লিজা বলে যুক্তিবিদ্যায় যুক্তিবাক্যের বিভিন্ন শ্রেণিবিভাগ রয়েছে। তামান্না তাকে গঠন ও গুণ অনুসারে যুক্তিবাক্যের শ্রেণিবিভাগ আলোচনা করতে বলে।

- ক. একটি যুক্তিবাক্যের কয়টি অংশ থাকে? ১
খ. অবধারণ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে গুণ অনুসারে যুক্তিবাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে গঠন অনুসারে যুক্তিবাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৪

৪ ▶ বকুল স্যার ক্লাসে পদের ব্যাপ্যতা পড়াচ্ছিলেন। যুক্তিবাক্যের ক্ষেত্রে, বিশেষ করে সহানুমানের ক্ষেত্রে পদের ব্যাপ্যতা খুবই গুরুত্বপূর্ণ। এর কিছু নিয়ম রয়েছে, A, E, I এবং O-এ চার ধরনের যুক্তিবাক্যেই এর প্রয়োগ লক্ষ করা যায়।

- ক. পদের ব্যাপ্যতার কয়টি নিয়ম আছে? ১
খ. পদের ব্যাপ্যতা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের স্যার যে বিষয়টি পড়াচ্ছেন A এবং E বাক্যে তার প্রয়োগ দেখাও? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সহানুমানের গঠন সম্পর্কে আলোচনা কর। ৪

৫ ▶ বিচিত্র প্রাণিকুল। এখানে আছে মানুষ, গরু, ছাগল, বাঘ সিংহ, হরিণ, মাছ, পোকামাকড়, ঘোড়া, ভেড়া ইত্যাদি। এদের মাঝে মানুষই সেরা। কারণ মানুষের এমন কিছু বৈশিষ্ট্য আছে, যা তাকে অন্যান্য প্রাণিকুল থেকে পৃথক করেছে।

- ক. 'বিধেয়ক' শব্দটি প্রথম কে ব্যবহার করেন? ১
খ. বিধেয়ক বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়গুলো পাঠ্যপুস্তকের কোন কোন বিষয়কে নির্দেশ করেছে— তা ব্যাখ্যা কর। ৩
ঘ. মানুষ কেন অন্যান্য প্রাণী থেকে পৃথক? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ পিয়াল অত্যন্ত বুদ্ধিমান ছেলে। সে জানা বিষয়ের মাধ্যমে জানা বিষয় সম্পর্কে জ্ঞান লাভের প্রক্রিয়া অনুমান করে। বিভিন্ন বিষয় সম্পর্কে সিদ্ধান্ত অনুমান করতে পারে।

- ক. অনুমানকে প্রধানত কয়ভাগে ভাগ করা যায়? ১
খ. অবরোহ অনুমান বলতে কী বোঝ? ২
গ. পিয়াল যে প্রক্রিয়া অনুসরণ করে, তাকে যুক্তিবিদ্যায় কী বলে? ব্যাখ্যা কর। ৩
ঘ. অনুমানের প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

৭ ▶

গড়া

যুক্তিবিদ্যা	একটি	শব্দ	কি	বলে	হয়?
--------------	------	------	----	-----	------

- ক. বহুকারণবাদ কী? ১
খ. কার্যকারণ নীতি সম্পর্কে মিল কী বলেছেন? ২
গ. উদ্দীপকে কোন বিষয়টি ফুটে উঠেছে? আলোচনা কর। ৩
ঘ. উক্ত মতবাদটি তোমার কাছে কতটুকু গ্রহণযোগ্য বলে মনে হয়? মতামত দাও। ৪

৮ ▶

ছক-১	ছক-২
মানুষ, ফুল, জীব	ফুল হয় সুন্দর
সুন্দর এবং হয়	মানুষ হয় জীব

- ক. Terminus শব্দের অর্থ কী? ১
খ. 'টি' শব্দটি পদ নয় কেন? ২
গ. ছক-১ দ্বারা পাঠ্যবইয়ের কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছক-১ ও ছক-২ এর মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪

৯ ▶ সকল গরু হয় প্রাণী

- কোনো গরু নয় অপ্রাণী।
ক. আবর্তন কয়টি নিয়ম মেনে চলে? ১
খ. I-যুক্তিবাক্যের আবর্তনের নিয়ম দেখাও। ২
গ. উল্লিখিত উদাহরণটি কোন অনুমানের অন্তর্গত হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত অনুমানের স্বরূপ বিশ্লেষণ কর। ৪

১০ ▶ যুক্তি : ঈশ্বর হন মানুষের সৃষ্টিকর্তা

- মানুষ হন পাপের সৃষ্টিকর্তা
ঈশ্বর হন পাপের সৃষ্টিকর্তা।
ক. অনুপপত্তি কী? ১
খ. সহানুমানের গঠন দেখাও। ২
গ. উদ্দীপকের সাথে পাঠ্যপুস্তকের কোন বিষয়ে মিল আছে— তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত অনুপপত্তি ব্যাখ্যা কর। ৪

১১ ▶

দৃষ্টান্ত-১

দৃষ্টান্ত-২

- A- সব ফুল হয় সুন্দর I- কিছু মানুষ হয় সং
E- কোনো ফুল নয় অসুন্দর O- কিছু মানুষ নয় সং

- ক. প্রতিবর্তন কাকে বলে? ১
খ. প্রতিবর্তনের নিয়মগুলো লেখ। ২
গ. E- যুক্তিবাক্যের প্রতিবর্তন দেখাও। ৩
ঘ. O- যুক্তিবাক্যের প্রতিবর্তন দেখাও। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দাও।


- ১ ▶ টিটুর জীবনের অনেক স্মৃতি হারিয়ে গেলেও হারায়নি কলেজের প্রথম ক্লাসের স্যারের কাছে শোনা কিছু বাক্য, যেমন— তোমরা মানুষ, তোমাদের সাথে অন্যান্য জীবের পার্থক্য আছে, তোমাদের চিন্তা ও বিবেক দ্বারাই তোমরা একদিন শ্রেষ্ঠত্বের আসনে অধিষ্ঠিত হবে। আর এজন্য প্রয়োজন তোমাদের চিন্তাচেতনাকে বিজ্ঞানসম্মত উপায়ে বিকশিত করা। কারণ এর মাধ্যমে তোমরা সত্যকে সত্য আর মিথ্যাকে মিথ্যা বলে অভিহিত করতে পারবে।
- ক. যুক্তিবিদ মিল-এর ভাষায় বিজ্ঞান কী? ১
খ. জ্ঞান বলতে কী বোঝায়? ২
গ. টিটুর স্যারের বাণীগুলো কোন দার্শনিকের/যুক্তিবিদের ধারণার প্রতিচ্ছবি? মূল্যায়ন কর। ৩
ঘ. টিটু কলেজের প্রথম ক্লাসে যে ধারণার জ্ঞান লাভ করে তার ব্যাখ্যা দাও ও মূল্যায়ন কর। ৪
- ২ ▶ প্রকৃতি যুক্তিবিদ্যা পড়তে গিয়ে তার শিক্ষককে জিজ্ঞেস করল, 'স্যার যুক্তিবিদ্যা আমরা কেন পড়ব, এটা আমাদের বাস্তবজীবনে কীভাবে কাজে লাগবে?' শিক্ষক উত্তর দিলেন, "যুক্তিবিদ্যা হচ্ছে মানসিক ব্যায়াম। শরীরকে সুস্থ রাখতে যেমন ব্যায়াম প্রয়োজন তেমনি মনকে সুস্থ রাখতে যুক্তিবিদ্যা পাঠ প্রয়োজন। ইহা আমাদের মনের আবেগকে নিয়ন্ত্রণ করে ও মনকে কুসংস্কারমুক্ত রাখে।" তিনি আরও বললেন, যুক্তিবিদ্যা বিজ্ঞান, কলা এবং বিজ্ঞান ও কলার সমন্বিত রূপ।
- ক. যুক্তিবিদ্যা কোন ধরনের চিন্তা নিয়ে আলোচনা করে? ১
খ. 'যুক্তিবিদ্যা সব বিজ্ঞানের বিজ্ঞান' – আলোচনা কর। ২
গ. উদ্দীপকে শিক্ষকের বক্তব্যে যুক্তিবিদ্যার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে শিক্ষকের শেষ বক্তব্যটি পাঠ্যবিষয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪
- ৩ ▶ করোনা ভাইরাসের কারণে বাংলাদেশে সারাবিশ্বের নেতারা সচেতন। অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিন দিন করোনা রোগীর সংখ্যা কমছে। এই রোগীর সংখ্যা কমাতে হলে দেশের জনগণের সচেতনতা বাড়াতে হবে। যতই দেশের জনগণ সচেতন হবে ততই এই রোগীর সংখ্যা কমবে।
- ক. অবধারণ কাকে বলে? ১
খ. 'ছাত্র' পদটি সাপেক্ষ কেন? ২
গ. উদ্দীপকে পদের কোন সম্পর্কের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত বিষয়টি সম্পর্কে পাঠ্যপুস্তকের আলোকে তোমার মতামত ও যুক্তি দাও। ৪
- ৪ ▶ আজকের ক্লাসে এসে প্রশিক্ষক বললেন, মধ্যাহ্নভোজের পর আপনারা হয় চা অথবা কফি পাবেন। একথা শুনে একজন প্রশিক্ষণার্থী বললেন, আমি চা এবং কফি দুটোই পান করব। প্রশিক্ষক হেসে বললেন, আপনারা যেকোনো একটি পাবেন।
- ক. একটি যুক্তিবাক্যের কয়টি অংশ থাকে? ১
খ. কোন ধরনের বাক্যকে প্রাকল্পিক যুক্তিবাক্য বলা হয়? ২
গ. উদ্দীপকে প্রশিক্ষকের প্রথম বক্তব্যে কোন প্রকারের যুক্তিবাক্যের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীর বক্তব্যের তুলনামূলক আলোচনা কর। ৪
- ৫ ▶ জনাব মুর্শেদুর রহমান ১৯৬৭ সালের ১১ নভেম্বর মৌলভীবাজার জেলায় জন্মগ্রহণ করেন। তিনি একজন অধ্যক্ষ। ধনী, দরিদ্র, নির্বিশেষে সকল ছাত্রকে তিনি ভালোবাসেন। জনাব মুর্শেদুর রহমান বিচক্ষণ ও হাস্যপ্রিয়।
- ক. বিধেয় কী? ১
খ. লক্ষণ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে 'বিচক্ষণ' পদটি কোন ধরনের বিধেয়ক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত গুণগুলোর আন্তঃসম্পর্ক বিশ্লেষণ কর। ৪
- ৬ ▶ নিপু, দীপু ও ইবতি তিন ভাইবোন। বাবা-মায়ের সঙ্গে চিড়িয়াখানায় গিয়ে নানা রঙের পাখি দেখে ওরা খুব আনন্দিত হয়। একই প্রজাতির পাখির মধ্যে আবার নানা রং দেখে বিস্মিত হয়। তখন নিপু ভাবে মানুষের মধ্যেও তো গায়ের রঙে ভিন্নতা আছে। দীপু হাতি দেখে ইবতিকে বলে, হাতি এত বড় হয়েও মানুষের কাছে পরাভূত। তখন ইবতি বলে, এজন্যই তো মানুষ সৃষ্টির সেরা।
- ক. বিধেয়ক কাকে বলে? ১
খ. বিধেয় এবং বিধেয়ক এক নয় কেন? ২

- গ. উদ্দীপকে বর্ণিত পাখির রং ও মানুষের রং কোন বিধেয়ককে নির্দেশ করছে? বুঝিয়ে লেখ। ৩
ঘ. দীপুর বক্তব্যটি বিধেয়কের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ৭ ▶ সাকিব ও সালাম দুই বন্ধু মিলে সমুদ্র সৈকতে ঘুরতে যায়। দূরে একটি জাহাজ দেখে এই দুই বন্ধুকে অনুমান করতে বলা হলে সাকিব একটি আশ্রয়বাক্যের ভিত্তিতে সিদ্ধান্ত টানে। অন্যদিকে, সালাম কতকগুলো দৃষ্টান্তের ওপর অভিজ্ঞতার ভিত্তিতে অনুমান করে।
- ক. অনুমান কী? ১
খ. মাধ্যম অনুমান কাকে বলে? ২
গ. সাকিব ও সালামের অনুমান প্রক্রিয়া তোমার পাঠ্যবিষয়ের কোন প্রক্রিয়াকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সালামের অনুমান প্রক্রিয়াকে তুমি কতটুকু গ্রহণযোগ্য মনে কর? মতামত দাও। ৪
- ৮ ▶ দৃষ্টান্ত-১: A-সকল ফুল হয় সুন্দর।
∴ E-কোনো ফুল নয় অসুন্দর।
দৃষ্টান্ত-২: A-সকল মানুষ হয় জীব।
∴ A-সকল জীব হয় মানুষ।
- ক. অমাধ্যম অনুমান কাকে বলে? ১
খ. "O" যুক্তিবাক্যের আবর্তন সম্ভব নয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. দৃষ্টান্ত-১ দ্বারা নির্দেশিত বিষয়টি পাঠ্যবিষয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃষ্টান্ত-২ নির্দেশিত আবর্তনের যথার্থতা বিশ্লেষণ কর। ৪
- ৯ ▶ বাংলাদেশ ও ভারত দুটি সার্কভুক্ত ও আত্মপ্রতিম দেশ। দুটি দেশের মধ্যে দ্বিপাক্ষিক বিষয়গুলো বিশেষ করে ব্যবসায় বাণিজ্য ও সাংস্কৃতিক অভিজ্ঞতা বিনিময়ের জন্য একটি অফিস রয়েছে। অফিসের প্রধানকে বলা হয় 'রাষ্ট্রদূত'। রাষ্ট্রদূতের মাধ্যমে দুটি দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক প্রতিষ্ঠিত হয়।
- ক. একটি সহানুমানের কয়টি পদ থাকে? ১
খ. প্রতি আবর্তন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের রাষ্ট্রদূত পদটি সহানুমানের কোন পদের সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত 'বাংলাদেশ', 'ভারত' ও 'রাষ্ট্রদূত' পদ তিনটির আন্তঃসম্পর্ক সহানুমানের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ১০ ▶ দৃশ্যকল্প-১ : যুক্তিবিদ্যা ক্লাসে শিক্ষক বললেন, "আজ এমন একটি বিষয় নিয়ে আলোচনা করব যা প্রাকৃতিক বিজ্ঞানের সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি নীতি। এ নীতিটি মানুষের মনের এক অখণ্ড বিশ্বাস। একে বাদ দিয়ে আরোহ অনুমান সম্ভব নয়।"
- দৃশ্যকল্প-২ : জ্যোতির্বিজ্ঞানীরা বিশেষ উদ্দেশ্য সাধনের জন্য চন্দ্রগ্রহণ, সূর্যগ্রহণ, জোয়ারভাটা ও গ্রহ- নক্ষত্রের গতিবিধি প্রত্যক্ষ করেন।
- ক. কূটাভাস শব্দটির অর্থ কী? ১
খ. কারণ ও শর্ত এক নয় কেন? ২
গ. দৃশ্যকল্প-১ এ আরোহের কোন ভিত্তির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ যে বিষয়টির প্রতিফলন রয়েছে তার সুবিধা ও অসুবিধা বর্ণনা কর। ৪

১১ ▶ *AKI-1:



*AKI-2:



- ক. আরোহের ভিত্তি কত প্রকার? ১
খ. "আরোহমূলক লক্ষ আরোহের প্রাণ" – ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১ দ্বারা কারণের কোন বিষয়টিকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এর চিত্রটি তোমার পাঠ্যবিষয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দাও।

১ ▶ দৃশ্যকল্প-১ : আহনাফ মেডিকেলের ছাত্র হিসেবে প্রচুর পড়াশোনা করত।

ফলে চিকিৎসা শাস্ত্রে সে ভালো ফলাফল করল।

দৃশ্যকল্প-২ : পড়াশোনা শেষে গ্রামে দাতব্য চিকিৎসালয় খুলল, সেখানে সে বিভিন্ন রোগের চিকিৎসা দিত। ফলে গ্রামে তার সুনাম ছড়িয়ে পড়ল।

ক. Logos শব্দের অর্থ কী? ১

খ. “যুক্তিবিদ্যা মনকে কুসংস্কারমুক্ত করে”— ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ যুক্তিবিদ্যার কোন দিকটি ফুটে উঠেছে বলে তুমি মনে কর? ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ কি যুক্তিবিদ্যার সামগ্রিক দিকটি ফুটে উঠেছে? মতামত দাও। ৪

২ ▶ ধারণা-১ : সুন্দর, কলম

ধারণা-২ : টা, টি


ধারণা-৩ : হায়! হায়! আহ!

ক. পদ কাকে বলে? ১

খ. ছাত্র-শিক্ষক কোন ধরনের শব্দ? বুঝিয়ে বল। ২

গ. ধারণা-১ কোন ধরনের শব্দ? ব্যাখ্যা কর। ৩

ঘ. ধারণা-২ ও ধারণা-৩ এর মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪




ক. নঞর্থক পদ কাকে বলে? ১

খ. বিশিষ্ট বা স্বকীয় নামবাচক পদ কি জাত্যর্থক? ২

গ. উদ্দীপকে পদের কোন কোন দিক প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রতিফলিত বিষয়টির কোনো ব্যতিক্রম আছে বলে কি তুমি মনে কর? মূল্যায়ন কর। ৪



= বাপ্য

ক = উদ্দেশ্য

= অবাপ্য

খ = বিধেয়

ক. পদের বাপ্যতা কী? ১

খ. যুক্তিবাক্যে সংযোজকের ভূমিকা গুরুত্বপূর্ণ কেন? ২

গ. চিত্র-২ যে যুক্তিবাক্যটিকে নির্দেশ করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র-১ ও চিত্র-৩ এ নির্দেশিত যুক্তিবাক্যগুলোর পদের বাপ্যতা বিশ্লেষণ কর। ৪

৫ ▶ দৃষ্টান্ত-১ : রহিম এলাকার বিভিন্ন সমস্যার বিচারবুদ্ধি প্রয়োগ করে সমস্যার সমাধান করে।

দৃষ্টান্ত-২ : কাজী নজরুল ১৮৯৯ সালে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন বাবরি চুলের অধিকারী। মানুষ হিসেবে তিনি দ্বিপদ বিশিষ্ট।

ক. বিধেয়ক কাকে বলে? ১

খ. জাতি এবং উপজাতি সাপেক্ষ পদ কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃষ্টান্ত-১ কোন ধরনের বিধেয়ক প্রকাশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃষ্টান্ত-২ প্রকাশিত বিধেয়কের প্রকারগুলো বিশ্লেষণ কর। ৪

৬ ▶ দৃষ্টান্ত-১ : সকল দার্শনিক হন সৃজনশীল

সক্রেটিস হন দার্শনিক

∴ সক্রেটিস হন সৃজনশীল

দৃষ্টান্ত-২ : সক্রেটিস হন সৃজনশীল

প্লেটো হন সৃজনশীল

অ্যারিস্টটল হন সৃজনশীল

∴ সকল দার্শনিক হন সৃজনশীল

ক. অনুমান কী? ১

খ. অনুমানে আশ্রয়বাক্য ও সিদ্ধান্তের মধ্যে অনিবার্য সম্পর্ক প্রয়োজন কেন? ২

গ. দৃষ্টান্ত-১ কোন ধরনের অনুমান প্রকাশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃষ্টান্ত-১ ও দৃষ্টান্ত-২ এর মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৭ ▶ যুক্তি-১ : সকল মানুষ হয় মরণশীল

∴ কিছু মরণশীল জীব হয় মানুষ

যুক্তি-২ : সকল মানুষ হয় দ্বিপদ

∴ সকল দ্বিপদ জীব হয় মানুষ

ক. আবর্তন কাকে বলে? ১

খ. অমধ্যম অনুমান কেন যথার্থ অনুমান নয়? ব্যাখ্যা কর। ২

গ. যুক্তি-১ দ্বারা নির্দেশিত অমধ্যম অবরোহ অনুমানের নিয়মাবলি ব্যাখ্যা কর। ৩

ঘ. যুক্তি-২ এ উল্লিখিত যুক্তিটি কোন ধরনের অমধ্যম অনুমান? অনুমানটির বৈধতা বিচার কর। ৪

৮ ▶ যুক্তি-১ :

কিছু মানুষ নয় যুক্তিবাদী

∴ কিছু মানুষ হয় অযুক্তিবাদী

যুক্তি-২ :

কিছু মানুষ নয় যুক্তিবাদী

∴ কিছু যুক্তিবাদী নয় মানুষ

ক. প্রতিবর্তন কাকে বলে? ১

খ. “সহানুমানের দুটি নঞর্থক আশ্রয়বাক্য থেকে কোনো সিদ্ধান্ত পাওয়া যায় না”— ব্যাখ্যা কর। ২

গ. যুক্তি-১ এ কোন ধরনের অমধ্যম অনুমানের ইঙ্গিত রয়েছে? এর নিয়ম উল্লেখ পূর্বক ব্যাখ্যা কর। ৩

ঘ. যুক্তি-২ এর অমধ্যম অনুমান কি যথার্থ? বিশ্লেষণ কর। ৪

৯ ▶ সকল বাংলাদেশি হয় দেশপ্রেমিক

করিম হয় বাংলাদেশি

∴ করিম হয় দেশপ্রেমিক

ক. সহানুমান কী? ১

খ. সহানুমানের সিদ্ধান্ত আশ্রয়বাক্য থেকে বেশি ব্যাপক হয় না কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত অনুমানের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত অনুমানে দাগাক্ষিত পদের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

১০ ▶ পূর্ববর্তী ঘটনা

বৃষ্টি হলে

ক

পরবর্তী ঘটনা

মাটি ভিজে

খ


ক. আরোহের ভিত্তি কয় প্রকার? ১

খ. প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি এক নয় বহু— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ‘ক’ দ্বারা যে বিষয়টির নির্দেশ করে তার গুণগত বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ‘ক’ ও ‘খ’-এর সম্পর্ক তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪

১১ ▶



ক. কারণ কী? ১

খ. কারণ কার্যের সাক্ষাৎ পূর্ববর্তী ঘটনা কেন? ২

গ. উদ্দীপকে যে বিষয়টি প্রতিফলিত হয়েছে কার্যকারণতত্ত্বের আলোকে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির যথার্থতা নির্ণয় কর। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দাও।

- ১▶ জ্ঞাত থেকে অনগতে যাত্রা
- ```

 graph TD
 A --> B
 B --> A
 A --> C
 C --> A

```
- সার্বিক → বিশেষ      বিশেষ → সার্বিক
- ক. অনুমান কী? ১
- খ. অনুমানের প্রকৃতি ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের A অংশটির বৈশিষ্ট্য বিশ্লেষণ কর। ৩
- ঘ. উদ্দীপকের A এবং B-এর তুলনামূলক পার্থক্য মূল্যায়ন কর। ৪
- ২▶ দৃশ্যকল্প-১ : রিফাত বাজার থেকে কমলা কিনতে গিয়ে অনেক চিন্তা করে মনে করে ভাবল এগুলো আদৌ সুস্বাদু হবে কিনা, পরে তার বন্ধু সামিরের সাথে শেয়ার করার পর জানতে পারল, এগুলো দেশীয় এবং সুস্বাদু।
- ক. বাক্য কী? ১
- খ. সংযোজকের প্রকৃতি ব্যাখ্যা কর। ২
- গ. রিফাতের মনে মনে ভাবনা তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়কে ইঙ্গিত করেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. রিফাতের মনে মনে ভাবনা ও সামিরের ভাষায় প্রকাশের পার্থক্য মূল্যায়ন কর। ৪

- ৩▶ জিহ্বা
- ```

    graph TD
      A --> B
      B --> A
      A --> C
      C --> A
  
```
- প্রকৃতি নিয়মের দাস প্রতিটি ঘটনার কারণ আছে
- ক. কারণ কী? ১
- খ. কারণ ও শর্তের মধ্যে পার্থক্য ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপক-A আরোহ অনুমানের কোন দিকটি নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপক-B এর গুণগত বৈশিষ্ট্য মূল্যায়ন কর। ৪
- ৪▶ দৃষ্টান্ত-১ : সকল ডাক্তার হন মরণশীল প্রাণী
∴ কিছু মরণশীল প্রাণী হন ডাক্তার
- দৃষ্টান্ত-২ : সব পাখি হয় সুন্দর
সব মাছরাঙা হয় পাখি
∴ সব মাছরাঙা হয় সুন্দর
- ক. অমাধ্যম অনুমানে কয়টি আশ্রয়বাক্য থাকে? ১
- খ. অমাধ্যম অনুমান কি প্রকৃত অনুমান? ব্যাখ্যা কর। ২
- গ. দৃষ্টান্ত-১ এর বৈশিষ্ট্য লেখ। ৩
- ঘ. দৃষ্টান্ত-১ এবং দৃষ্টান্ত-২ এর মধ্যে পার্থক্য মূল্যায়ন কর। ৪

- ৫▶
- | ক | খ |
|----------------------------|---------|
| শিক্ষার্থী | ১০ লক্ষ |
| মেধাবী শিক্ষার্থী | ৫ লক্ষ |
| বিনয়ী ও মেধাবী শিক্ষার্থী | ৩ লক্ষ |
- ক. শব্দ কত প্রকার? ১
- খ. সার্বিক যুক্তিবাক্য ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের ক ও খ-এর সম্পর্ক বিশ্লেষণ কর। ৩
- ঘ. উদ্দীপকটি গাণিতিক অনুপাতের নিয়মের বেলায় প্রযোজ্য নয় কেন? মূল্যায়ন কর। ৪

- ৬▶ দৃশ্যকল্প-১ : সকল প্রাণী হয় মরণশীল
সকল মানুষ হয় প্রাণী
∴ সকল মানুষ হয় মরণশীল
- দৃশ্যকল্প-২ : সকল মানুষ হয় মেধাবী
সকল শিক্ষার্থী হয় মেধাবী
∴ সকল শিক্ষার্থী হয় মানুষ

- ক. সহানুমান কত প্রকার? ১
- খ. সহানুমানের সত্যতা আশ্রয়বাক্যের সত্যতার ওপর নির্ভর করে- ব্যাখ্যা কর। ২
- গ. দৃশ্যকল্প-১ এর 'প্রাণী' সহানুমানে যে ভূমিকা পালন করে তা বিশ্লেষণ কর। ৩
- ঘ. দৃশ্যকল্প-১ এর অনুপপত্তি হলো দৃশ্যকল্প-২ অনুপপত্তি- মূল্যায়ন কর। ৪

- ৭▶ দৃশ্যকল্প-১
- ```

 graph TD
 A[আলো] --> B[সূর্যের আলো]
 A --> C[মোমবাতির আলো]
 A --> D[টর্চ লাইটের আলো]
 E[চিত্রকর্ম] --> F[ক্যানভাস]
 E --> G[পেন্সিল]
 E --> H[রং তুলি]

```
- দৃশ্যকল্প-২
- ক. কার্যসংশ্লিষ্ট কত প্রকার? ১
- খ. আরোহের কুটাভাস ব্যাখ্যা কর। ২
- গ. দৃশ্যকল্প-২ বিশ্লেষণ কর। ৩
- ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ এর মধ্যে কোনো পার্থক্য আছে কি? ব্যাখ্যা কর। ৪

- ৮▶ 'আদর্শ' নিয়ে দুই বন্ধুর কথোপকথন :
- প্রথম বন্ধু : জীবনকে পরিচালিত করতে হলে অবশ্যই আদর্শের আলো ছড়িয়ে দিতে হবে। সত্যকে অর্জন করার জন্য অবশ্যই নিয়ম পদ্ধতি মেনেই করতে হয়।
- দ্বিতীয় বন্ধু : আদর্শ তো থাকবেই সেই সাথে আদর্শের নিয়মগুলো কীভাবে ব্যবহারিক জীবনে প্রয়োগ করা যায় সেটারও গুরুত্ব দিতে হয়।
- ক. 'Logos' শব্দের অর্থ কী? ১
- খ. যুক্তিবিদ্যার স্বরূপ বিশ্লেষণ কর। ২
- গ. প্রথম বন্ধুর বক্তব্য যুক্তিবিদ্যার আলোকে ব্যাখ্যা কর। ৩
- ঘ. যুক্তিবিদ্যা কি প্রথম বন্ধুর বক্তব্যের সাথে সংশ্লিষ্ট, না দ্বিতীয় বন্ধুর বক্তব্যের সাথে সম্পর্কিত? মূল্যায়ন কর। ৪

- ৯▶
- ```

    graph TD
      A[মানুষ] --> B[বৃহত্তর]
      C[শিক্ষার্থী] --> D[ক্ষুদ্রতর]
  
```
- ক. বিধেয়ক কত প্রকার? ১
- খ. বিধেয় ও বিধেয়কের মধ্যে পার্থক্য ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের A অংশের ব্যাখ্যা দাও। ৩
- ঘ. উদ্দীপকের A এবং B অংশের মধ্যে কোনো সম্পর্ক আছে কি? মূল্যায়ন কর। ৪

- ১০▶ উদ্দীপক-১ : মানুষ হয় বুদ্ধিবৃত্তিসম্পন্ন জীব
উদ্দীপক-২ : মানুষ হয় বিচারশক্তিসম্পন্ন জীব
- ক. অবান্তর লক্ষণ কত প্রকার? ১
- খ. ব্যক্তিগত বিচ্ছেদ্য অবান্তর লক্ষণ ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপক-১ এর 'বুদ্ধিবৃত্তিসম্পন্ন জীব' বিধেয়কের আলোকে ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপক-১ এবং উদ্দীপক-২ এর পার্থক্য মূল্যায়ন কর। ৪




- ১১▶
- | আশ্রয়বাক্য | A | E | I | O |
|-------------|---|---|---|---|
| সিদ্ধান্ত | I | E | I | - |
- ক. অমাধ্যম অনুমানে একটি শ্রেণিবিভাগের নাম লেখ। ১
- খ. আবর্তনের নিয়মগুলোর ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের ছকটির ২য় অংশ বিশ্লেষণ কর। ৩
- ঘ. উদ্দীপকের ৪র্থ অংশ থেকে কি কোনো সিদ্ধান্ত গ্রহণ করা যায় না? মূল্যায়ন কর। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র

পূর্ণমান-৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দাও।

- ১▶ কলেজ লাইব্রেরিতে বসে তিন বন্ধু বই পড়ছিল। তাদের যুক্তিবিদ্যার উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কে জানার খুবই আগ্রহ ছিল। দলবদ্ধভাবে পড়া শেষে রিফাত বলল, যুক্তিবিদ্যার উৎপত্তির ক্ষেত্রে অ্যারিস্টটলের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। সাথে সাথে জেসমিন বলে উঠল, আই. এম. কপিও কিন্তু কম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেননি। এসব শুনে মাহিমা বলল, জে. এস. মিল, আই. এম. কপি ও অ্যারিস্টটল সবাই অবদান রাখেন যুক্তিবিদ্যায়।
- ক. Logike শব্দটি কোন শব্দের বিশেষণ কর। ১
খ. যুক্তিবিদ্যার জনক কাকে বলা হয় এবং কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জেসমিনের বক্তব্যের সাথে তুমি কি একমত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মাহিমার বক্তব্যটি বিশ্লেষণ কর? ৪
- ২▶ নিচের ছকটি লক্ষ কর ও প্রশ্নগুলোর উত্তর দাও :
- | | | |
|---|---|---|
|  |  |  |
| ৱ৩-১ | ৱ৩-২ | ৱ৩-৩ |
- ক. পদের ব্যাপ্যতা কী? ১
খ. পদের ব্যাপ্যতার নিয়ম কয়টি ও কী কী ব্যাখ্যা কর? ২
গ. চিত্র-১ এ কোন ধরনের বাক্যের প্রয়োগ ঘটেছে? বর্ণনা কর। ৩
ঘ. চিত্র-২ ও চিত্র-৩ এর পারস্পরিক সম্পর্ক তুলনা কর? ৪
- ৩▶ দৃশ্যকল্প-১: মানুষ, কলম, গরু, সাদা।
দৃশ্যকল্প-২: যদি, তাহলে, খুব, টি।
ক. যুক্তিবাক্য কাকে বলে? ১
খ. শব্দ কি পদ হতে পারে? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প ১ ও ২ এ কোন ধরনের শব্দের উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সকল যুক্তিবাক্যই বাক্য কিন্তু সকল বাক্যই যুক্তিবাক্য বাক্য নয়— ব্যাখ্যা কর। ৪
- ৪▶ উদ্দীপক-১: ১৯৮৭, ১৯৮৮ ও ২০১৭ সালে দেশে বন্যায় ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়। আমাদের অসচেতনতার কারণে এসব প্রাকৃতিক দুর্যোগ ঘটে থাকে।
উদ্দীপক-২: করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে অনেক মানুষ মারা যাচ্ছে। প্রথম দিকে মানুষ ভাবতো জ্বরে, শ্বাসকষ্টে, অক্সিজেনের অভাবে মানুষ মারা যায়— এটা স্বাভাবিক। কিন্তু পরবর্তীতে বিজ্ঞানীরা আবিষ্কার করে জ্বরে, শ্বাসকষ্টে, অক্সিজেনের অভাব এগুলো কোভিড-১৯ এর লক্ষণ।
ক. কারণ কী? ১
খ. আরোহের আকারগত ভিত্তি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপক -২ এ কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে? ৩
ঘ. পাঠ্যবইয়ের আলোকে উদ্দীপকের ১ ও ২ এর স্বরূপ আলোচনা কর। ৪
- ৫▶ দুই ব্যবসায়ী তাদের ব্যবসা সংক্রান্ত আলোচনা করছেন যে অর্থনীতি বাজার ব্যবস্থার দ্রব্যের মূল্য ও চাহিদার মাঝে একটি অবিচ্ছেদ্য সম্পর্ক বিদ্যমান। অন্যান্য অবস্থা ঠিক থাকলে দ্রব্যের দাম বাড়লে চাহিদা কমে আর দাম কমলে চাহিদা বাড়ে। অর্থাৎ দাম ও চাহিদার সম্পর্ক বিপরীতমুখী। একটি বাড়লে অন্যটি কমে।
ক. সাপেক্ষ পদ কাকে বলে? ১
খ. জাতার্থক ও অজাতার্থক পদ বলতে কী বোঝ? ২
গ. উপর্যুক্ত উদ্দীপকটি পাঠ্যপুস্তকের কোন অংশের সাথে সামঞ্জস্যপূর্ণ? ৩
ঘ. পদের ব্যক্তার্থ ও জাতার্থের হ্রাস-বৃদ্ধির নিয়মটি ছক আকারে ব্যাখ্যা দাও এবং এ নিয়মের বিরুদ্ধে কী কী আপত্তি রয়েছে। ৪
- ৬▶ উদ্দীপক-১: সকল মানুষ হয় মরণশীল।
উদ্দীপক-২: কথাসাহিত্যিক হাসান আজিজুল হক রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এক স্বনামধন্য অধ্যাপক ছিলেন। তিনি ছিলেন মিতভাষী, হাস্যোজ্জ্বল, বিচক্ষণ ও মেধাবী।
ক. বিধেয়ক কাকে বলে? ১
খ. বিধেয় ও বিধেয়ক কি একই? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক-১ এর সাথে কোন ধরনের বিধেয়কের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-২ এ যে গুণগুলোর উল্লেখ করা হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

- ৭▶ দৃশ্যকল্প-১
কোনো মানুষ নয় চতুষ্পদ।
সকল মানুষ হয় জীব।
অতএব কোনো জীব নয় সম্পদ। অতএব, সকল কবি হয় মানুষ।
ক. সহানুমান কাকে বলে? ১
খ. সহানুমানের সিদ্ধান্ত আশ্রয়বাক্য থেকে অনিবার্যভাবে আসে কেন? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১ এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৪
- ৮▶ দৃশ্যকল্প-১
সকল অধ্যাপক হন শিক্ষিত
অতএব, সকল শিক্ষিত ব্যক্তি হন অধ্যাপক
দৃশ্যকল্প-২
সেনাপতি সৈন্যদলকে শাসন করে।
সেনাপতির স্ত্রী সেনাপতিকে শাসন করে।
অতএব, সেনাপতির স্ত্রী সৈন্যদলকে শাসন করে।
ক. অনুমান কাকে বলে? ১
খ. হেতুপদের কাজ কী? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১ এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৪
- ৯▶ উদ্দীপক-১: সকল ঘোড়া হয় চতুষ্পদ।
অতএব, কোনো ঘোড়া নয় অ-চতুষ্পদ।
উদ্দীপক-২ : কিছু ফুল হয় লাল।
অতএব, কিছু লাল জিনিস নয় ফুল।
ক. আবর্তন কী? ১
খ. অমধ্যম অনুমান কি প্রকৃত অনুমান? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক-১ এ কোন ধরনের অনুমানের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আবর্তনের নিয়মানুসারে উদ্দীপক-২ এর আবর্তন কি ঠিক? ব্যাখ্যা কর। ৪
- ১০▶ উদ্দীপক-১: একজন পরীক্ষার্থী ডিম খেয়ে পরীক্ষা দিতে গিয়ে পরীক্ষা খারাপ করল। এতে সে সিদ্ধান্ত গ্রহণ করল, ডিম খাওয়ার কারণেই পরীক্ষা খারাপ হয়েছে।
উদ্দীপক-২: সাধারণত শেষ রাতের স্বপ্ন সত্যি হয়।
উদ্দীপক-৩: রংপুর এর থেকে ঢাকায় কাক বেশি।
অতএব রংপুর এর থেকে ঢাকা অস্বাচ্ছন্দ্যকর।
ক. কূটাভাস শব্দটির অর্থ কী? ১
খ. কারণ ও শর্ত এক নয় কেন ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক-১ এ যে ধরনের অনুপপত্তি ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-২ ও ৩ এ কি একই ধরনের অনুপপত্তি ঘটেছে? বিশ্লেষণ কর। ৪
- ১১▶ যুক্তিবিদ্যা ক্লাস শেষে মনির বলল, আজকের ক্লাস শেষে যা বুঝলাম তা হলো যুক্তিবিদ্যা একটি আদর্শের প্রেক্ষিতে তার অন্তর্ভুক্ত কোনো বিষয় নিয়ে আলোচনা করে। রিফাত সাথে সাথে বলে উঠল, যুক্তিবিদ্যা শুধু আদর্শ নিয়ে আলোচনা করেই ক্ষান্ত হয় না, তার ব্যবহারিক দিক নিয়েও আলোচনা করে। তাদের কথার একপর্যায়ে সুমন বলল, যুক্তিবিদ্যা নিয়মকানুন প্রণয়ন করে ও তা বাস্তবে প্রয়োগ করে। তার এ কথায় সবাই একমত হলো।
ক. যুক্তিবিদ্যা কাকে বলে? ১
খ. যুক্তিবিদ্যা কি আদর্শনিষ্ঠ বিজ্ঞান? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রিফাতের কথার সাথে তুমি কি একমত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সুমনের বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

যুক্তিবিদ্যা প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দাও।

১▶ কমল অত্যন্ত মেধাবী। জীবজগতের বিভিন্ন রহস্য নিয়ে তার আগ্রহের শেষ নেই। জীবজগতের বিভিন্ন উপাদান ঘেটে সে তাদের সম্পর্কে ধারণা পেতে চায়। কমলের বোন রিতা রান্না করতে পছন্দ করে তাই সে রন্ধনের নিয়মকানুন মায়ের কাছে শিখে মজার মজার ডিম রান্না করে। পরে সবাই মজা করে খায়।

- ক. অবধারণ বলতে কী বোঝায়? ১
খ. সব অবধারণকে কি যুক্তিবাক্য বলা যায়? ২
গ. কমলের জীবজগত সম্পর্কে আগ্রহ যুক্তিবিদ্যার কোন দিকটিকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে রিতার কর্মকাণ্ড মূল্যায়ন কর। ৪

২▶ 'কাপড়টি হয় কালো, না হয় সাদা'।
'ফুলটি হয় সুগন্ধযুক্ত'।
'লোকটি নয় বোকা'।
ক. যুক্তিবাক্য কী? ১
খ. নিরপেক্ষ পদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন ধরনের বাক্য নির্দেশ করে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের বাক্যগুলোতে সংযোজকের ভূমিকা মূল্যায়ন কর। ৪

৩▶



ক. অবান্তর লক্ষণ কী? ১
খ. জাতার্থের সাথে উপলক্ষণের অন্যতম সম্পর্কটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'অশিক্ষিত' শ্রেণিবিভাগটি কোন ধরনের বিধেয়ক? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে 'জাতি ও উপজাতির' পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৪▶ মানুষ সৃষ্টির সেরা জীব। মানুষ তার বুদ্ধিবৃত্তির মাধ্যমে অন্যান্য সব প্রাণীর চেয়ে শ্রেষ্ঠতর স্থান দখল করে আছে। সৃষ্টির শুরু হতেই তার এই জয়যাত্রা। জগতের অন্যসব প্রাণী জন্মগ্রহণ করে, খায়, ঘুমায়, জীবন ধারণ করে এবং একসময় মৃত্যুবরণ করে। কিন্তু মানুষ নামক প্রাণীটি নিজস্ব চিন্তাশক্তি ও বিচার শক্তি দিয়ে তার শ্রেষ্ঠত্বের প্রমাণ দিয়ে চলেছে।

- ক. বিধেয়ক কী? ১
খ. 'বিধেয়ক যুক্তিবাক্যের অংশও নয়; এমনকি যুক্তিবাক্যের কোনো পদও নয়'— বিষয়টি ব্যাখ্যা কর। ২
গ. "বিচারশক্তি" গুণটি দ্বারা কোন প্রকার বিধেয়কের প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বিধেয়কের প্রকারভেদ আলোচনা কর। ৪

৫▶ দৃশ্যকল্প-১ : সকল মানুষ হয় মরণশীল
সকল ব্যবসায়ী হয় মানুষ।

∴ সকল ব্যবসায়ী হয় মরণশীল।

দৃশ্যকল্প-২ : আমিন হয় মরণশীল
জামিল হয় মরণশীল।
জুই হয় মরণশীল।
∴ সকল মানুষ হয় মরণশীল।

- ক. অনুমান কী? ১
খ. প্রদত্ত বাক্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১ এর সিদ্ধান্তে কোন ধরনের যুক্তিবাক্যের উল্লেখ রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. অনুমানের আলোকে দৃশ্যকল্প-১ ও ২ এর সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৬▶ সকল মানুষ হয় মরণশীল

সকল ব্যবসায়ী মানুষ

∴ সকল ব্যবসায়ী হয় মরণশীল।

উপরের উদাহরণটি পড়ে ইয়ামিন বুঝতে পারল যুক্তি দিয়েও মানুষের মরণশীলতাকে প্রমাণ করা যায়।

- ক. অবরোধ অনুমান কী? ১
খ. অবরোধ অনুমানের সিদ্ধান্ত কেন বেশি ব্যাপক হতে পারে না? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'মানুষ' দ্বারা কোন পদের নির্দেশ ঘটেছে? বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে 'অ্যারিস্টটলের সূত্রের ওপর অবরোধ অনুমান প্রতিষ্ঠিত'— ব্যাখ্যা দাও। ৪

৭▶ তথ্য-১ : সব বক হয় সাদা।

তথ্য-২ : কোনো কাক নয় সাদা।

- ক. সাপেক্ষ পদ কাকে বলে? ১
খ. "সকল শব্দই পদ নয়"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্য-১ কোন ধরনের যুক্তিবাক্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের তথ্য-১ ও তথ্য-২ এ ব্যবহৃত 'সাদা' পদটি ব্যাপ্যতার নিয়ম উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৮▶ ১৯৭১ সালের ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হয়। এই স্বাধীনতা পাওয়ার জন্য অনেক বুদ্ধিজীবী, বিচক্ষণ ও বিচারশক্তিসম্পন্ন ব্যক্তির প্রাণ দিতে হয়েছে।

- ক. উপলক্ষণ কাকে বলে? ১
খ. বিধেয় ও বিধেয়ক এক নয় কেন? ২
গ. উদ্দীপকে '১৯৭১ সালের ২৬ মার্চ' কোন ধরনের বিধেয়ক নির্দেশ করে। ৩
ঘ. উদ্দীপকে 'বুদ্ধিজীবী ও বিচারশক্তি' শব্দ দ্বারা যে বিধেয়কের উল্লেখ পেয়েছে তা বিশ্লেষণ কর। ৪

৯▶



- ক. পরতম জাতি কাকে বলে? ১
খ. বিধেয় ও বিধেয়ক এক নয় কেন? ২
গ. ২নং ও ৩নং ঘরের তথ্য কীভাবে পৃথক? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ১নং বিষয়টি ২নং বিষয়টির সাথে কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৪

১০▶ যুক্তি-১ : সকল আইনজীবী হন যুক্তিবাদী
কিছু যুক্তিবাদী ব্যক্তি হন আইনজীবী

যুক্তি-২ : ঢাকা হয় বাংলাদেশের রাজধানী
বাংলাদেশের রাজধানী হয় ঢাকা।

- ক. আবর্তন কাকে বলে? ১
খ. অমাধ্যম অনুমানকে অবরোধমূলক বলা হয় কেন? ২
গ. যুক্তি-১ কোন প্রকারের অমাধ্যম অনুমানকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'যুক্তি-১' ও 'যুক্তি-২' এর মূল পার্থক্য কী? বিশ্লেষণ কর। ৪

১১▶ অনুমান-১ : E-কোনো পাথর নয় জীব

∴ A-সকল পাথর হয় অ-জীব

অনুমান-২ : I-কিছু প্রাণী হয় পরিশ্রমী

∴ I-কিছু পরিশ্রমী সত্তা হয় প্রাণী

- ক. অমাধ্যম অনুমান কী? ১
খ. I-যুক্তিবাক্যের উভয় পদ অব্যাপ্য কেন? ২
গ. যুক্তিবিদ্যার আলোকে অনুমান-২ এর স্বরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. অনুমান-১ ও অনুমান-২ এর স্বরূপ পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪